ভোরের কাগজ

তারিখ 13 MAR 1998
পৃষ্ঠা ১০ কলাম ২

172

নূরুল ইসলাম সভাপতি, তপন সাধারণ সম্পাদক পুনর্নির্বাচিত

# ছাত্রফ্রন্টের জাতীয় সম্মেলন শেষ হয়েছে

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক** : সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের তৃতীয় জাতীয় সম্মেলনে নূরুল ইসলাম সভাপতি এবং সাইফুর রহমান তপন সাধারণ সম্পাদক পুনর্নির্বাচিত হয়েছেন। সম্মেলনে বর্তমান সরকারের আমলে প্রণীত শিক্ষানীতি বাতিল করে, ১০ দফার ভিত্তিতে শিক্ষানীতি প্রণয়ন করার দাবি জানানো হয়। সাম্প্রতিক সময়ের মধ্যে ছাত্রফ্রন্টের এই সম্মেলন হচ্ছে বৃহত্তম ছাত্র সমাবেশ।

গতকাল বৃহস্পতিবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশে সম্মেলনের উদ্বোধন ঘোষণা করে বাসদের আহ্বায়ক খালেকুজ্জামান। উদ্বোধনের পর ছয় সহস্রাধিক ছাত্রছাত্রীর একটি বর্ণাঢ্য র‍্যালি ঢাকার বিভিন্ন পথ প্রদক্ষিণ করে। বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মল চত্বরে নূরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন বাসদের আহ্বায়ক খালেকুজ্জামান, অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী, অধ্যাপক শহীদুল ইসলাম, অধ্যাপক আলী আসগর, অল ইন্ডিয়া ডেমোক্রেটিক স্টুডেন্ট অর্গানাইজেশনের প্রতাপ শ্যামল, সাইফুর রহমান তপন, আবু নাঈম খান বিপ্লব প্রমুখ। স্যার খালেকুজ্জামান বলেন, গত সংসদ নির্বাচনে কালো টাকার মালিকদের দুটি প্রধান দল মনোনয়ন দিয়েছিল এবং টাকা দিয়ে ভোট কিনে তারা বিজয়ী হয়েছে।

অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী বলেন, বর্তমান শিক্ষা ব্যবস্থা ছাত্রছাত্রীদের আগ্রহ করতে পারছে না। সৃজনশীলতা সৃষ্টিতে এই শিক্ষা ব্যবস্থা ব্যর্থ হয়েছে।

অধ্যাপক শহীদুল ইসলাম বলেন, বৈজ্ঞানিক একমুখী শিক্ষা ব্যবস্থার পাশাপাশি মাদ্রাসা শিক্ষাকে সাধারণ শিক্ষায় রূপান্তরের জন্য ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তুলতে হবে। সম্মেলনে নির্বাচিত অন্যান্য কর্মকর্তা হচ্ছেন সহসভাপতি মিজানুর রহমান পলাশ, সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান, দপ্তর সম্পাদক জামাল আবেদিন ভাসুর, প্রচার সম্পাদক আশরাফউদ্দিন আকাশ, অর্থসম্পাদক আশরাফ সেবু, স্কুল ছাত্র বিষয়ক সম্পাদক আবু নাঈম খান বিপ্লব প্রমুখ।